# শিশু মডারেটর অডিশন গাইডলাইন

আল-ঈমান গার্লস মাদরাসার শিশু শিক্ষার্থীদের মডারেটর নির্বাচন, তাই অডিশনের প্রস্তুতির বিষয়টি এমন হওয়া যেন শিশুর বক্তব্য, আত্মবিশ্বাস, উচ্চারণ, উপস্থাপনা, বুদ্ধিমত্তা, আদব-আখলাক ও মঞ্চ পরিচালনার দক্ষতা একসঙ্গে যাচাই করা যায়। এলক্ষ্যে বাসায় চর্চা করার জন্য নিম্নোক্ত গাইড লাইন দেয়া হলো।

## ১. প্রথম পর্ব: পরিচিতি ও আত্মবিশ্বাস

শিশুকে দাঁড় করিয়ে বলবেন, “আসসালামু আলাইকুম। তোমার নাম, শ্রেণি এবং আল-ঈমান গার্লস মাদরাসায় পড়তে তোমার কেমন লাগে? এগুলো নিজের ভাষায় বলো।”

সময়: ১ মিনিট

নিম্নোক্ত বিষয়ে মূল্যায়ন করুন:

ক) আত্মবিশ্বাস
খ) সালাম ও আদব
গ) চোখের যোগাযোগ
ঘ) স্পষ্ট উচ্চারণ
ঙ) স্বাভাবিকভাবে কথা বলা

## ২. দ্বিতীয় পর্ব: নির্ধারিত বক্তব্য

ক) বিষয়: “আমার প্রিয় আল-ঈমান গার্লস মাদরাসা”
খ) শিশুকে ২-৩ মিনিট বক্তব্য দিতে বলবেন।
গ) বক্তব্যে এই ৮টি বিষয় রাখবে:

i) সালাম ও নিজের পরিচয়
ii) আল-ঈমান গার্লস মাদরাসা সম্পর্কে কিছু কথা:
আল-ঈমান গার্লস মাদরাসা কেন ভালো লাগে
মাদরাসা থেকে কী কী শিখেছ
শিক্ষিকাদের প্রতি সম্মান
সহপাঠীদের সঙ্গে ভালো আচরণ
iii) মাদরাসায় তার সবচেয়ে ভালো লাগে কী
iv) একজন ভালো শিক্ষার্থীর ৩টি গুণ
v) শিক্ষক ও সহপাঠীদের প্রতি ভালো আচরণের গুরুত্ব
vi) একজন আদর্শ শিক্ষার্থীর গুণাবলি
vii) ভবিষ্যতে কী হতে চায়
viii)শেষে সুন্দরভাবে ধন্যবাদ ও সালাম

**বিশেষ নির্দেশনা: পুরো বক্তব্য মুখস্থ না করে নিজের ভাষায় বলার চেষ্টা করবে।**

## ৩. তৃতীয় পর্ব: তাৎক্ষণিক প্রশ্ন

নিচের ১০টি প্রশ্ন করা যেতে পারে এবং উপযুক্ত জবাব প্রস্তুত করতে সহায়তা করা:

প্রশ্ন ১: তুমি যদি একদিনের জন্য মাদরাসার মুহতামিম হতে, তাহলে প্রথমে কী করতে?
প্রশ্ন ২: তোমার কোনো বন্ধু মঞ্চে উঠে কথা বলতে ভয় পেলে তুমি তাকে কীভাবে সাহস দেবে?
প্রশ্ন ৩: তোমার সবচেয়ে প্রিয় শিক্ষিকা/উস্তাদ তোমাকে কেন ভালোবাসবেন বলে মনে করো?
প্রশ্ন ৪ : কেউ যদি তোমার সঙ্গে খারাপ আচরণ করে, তুমি কী করবে?
প্রশ্ন ৫: একজন ভালো মডারেটরের সবচেয়ে গুরুত্বপূর্ণ গুণ কী?
প্রশ্ন ৬: তুমি যদি কোনো অনুষ্ঠানে মাইক হাতে পাও, প্রথমে কী বলবে?
প্রশ্ন ৭: তোমার বন্ধু পরীক্ষায় তোমার কাছ থেকে উত্তর দেখতে চাইলে তুমি কী করবে?
প্রশ্ন ৮: কেউ অনুষ্ঠান চলাকালীন কথা বলে বিরক্ত করলে তুমি কীভাবে তাকে থামাবে?
প্রশ্ন ৯: তোমার কাছে “আদব” বলতে কী বোঝায়?
প্রশ্ন ১০: তুমি কেন আল-ঈমান গার্লস মাদরাসার মডারেটর হতে চাও?

## ৪. চতুর্থ পর্ব: ৫টি তাৎক্ষণিক পরিস্থিতি

সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ : অনাকাঙ্খিত পরিস্থিতি নিয়ন্ত্রণ

**পরিস্থিতি–১: অতিথিকে স্বাগত**

**বলুন:** "মনে করো, আজ আমাদের অনুষ্ঠানে একজন সম্মানিত অতিথি এসেছেন। তুমি মডারেটর। তাকে কীভাবে স্বাগত জানাবে?"
শিশুর ভাষা, ভদ্রতা ও আত্মবিশ্বাস দেখুন।

**পরিস্থিতি–২: বক্তা আসতে দেরি করছেন**

"যে উস্তাদ বক্তব্য দেবেন তিনি এখনো মঞ্চে আসেননি। ২ মিনিট সময় তোমাকেই সামলাতে হবে। তুমি কী বলবে?"
এতে তাৎক্ষণিক উপস্থাপনা দক্ষতা বোঝা যাবে।

**পরিস্থিতি–৩: দর্শকরা কথা বলছে**

"অনুষ্ঠান চলার সময় কয়েকজন শিশু জোরে কথা বলছে। তুমি মডারেটর হিসেবে কীভাবে তাদের থামাবে?"
ভালো উত্তর হবে—রাগ না করে, সুন্দর ও সম্মানজনক ভাষায় অনুরোধ করা।

**পরিস্থিতি–৪: নিজের ভুল হয়ে গেছে**

"তুমি মঞ্চে একটি ভুল কথা বলে ফেলেছ। এখন কী করবে?"
এতে শিশুর মানসিক স্থিরতা ও ভুল স্বীকার করার মানসিকতা বোঝা যাবে।

**পরিস্থিতি–৫: হঠাৎ মাইক বন্ধ**

"তুমি মঞ্চে কথা বলছ, হঠাৎ মাইক বন্ধ হয়ে গেল। তুমি কী করবে?"
এখানে শিশুর উপস্থিত বুদ্ধি, ধৈর্য ও পরিস্থিতি সামলানোর ক্ষমতা দেখা হবে।

## ৫ম পর্ব: নাম্বার বন্টন করুন এবং মুল্যায়ন করুন

| মুল্যায়নের বিষয় | নম্বর |
|---|---|
| ১. আত্মবিশ্বাস | ১৫ |
| ২. স্পষ্ট উচ্চারণ | ১০ |
| ৩. সাবলীলভাবে কথা বলা | ১০ |
| ৪. কণ্ঠস্বর ও উপস্থাপনা | ১০ |
| ৫. চোখের যোগাযোগ | ৫ |
| ৬. মঞ্চে দাঁড়ানোর ভঙ্গি | ৫ |
| ৭. আদব-আখলাক | ১০ |
| ৮. তাৎক্ষণিক প্রশ্নের উত্তর | ১০ |
| ৯. পরিস্থিতি মোকাবিলার দক্ষতা | ১৫ |
| ১০. নেতৃত্ব ও মডারেটরসুলভ ব্যক্তিত্ব | ১০ |
| **সর্বমোট** | **১০০** |

## ৬ষ্ঠ পর্ব: উপস্থাপনার অনুশীলন:

বাসায় প্রতিদিন ১০–১৫ মিনিট:
আয়নার সামনে দাঁড়িয়ে বলা
স্পষ্ট ও ধীরে কথা বলা
প্রয়োজনমতো হাতের অঙ্গভঙ্গি করা
শ্রোতার দিকে তাকিয়ে কথা বলা
অতিরিক্ত নড়াচড়া না করা
হাসিমুখে কথা বলা
ভুল হলে থেমে আবার শুরু করা
অডিশনে বাড়তি একটি পরীক্ষা রাখতে পারেন

## ৭ম পর্ব: বারবার চর্চার পর শিশুকে বলবেন:

"তুমি এখন মঞ্চের মডারেটর। আল-ঈমান গার্লস মাদরাসার বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সবাইকে স্বাগত জানিয়ে অনুষ্ঠান শুরু করো।"

এতে বোঝা যাবে শিশুটি তাৎক্ষণিকভাবে কথা সাজিয়ে বলতে পারে কি না, মঞ্চে নেতৃত্ব দিতে পারে কি না এবং উপস্থাপকের মতো আচরণ করতে পারে কি না।